গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২৩

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

গত ৩ (তিন) বছরে বাপাউবো ৫২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রকল্পসমূহের আওতায় ২২৬.৪২ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ, ৩১৯.১২ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ৩০৮০.৯৮ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ, ৪১৭টি হাইড্রোলজিক্যাল স্ট্রাকচার নির্মাণ, ৫৭৭.০৬ কিঃমিঃ সেচ খাল পুনঃখনন, ৯৯০.১৮ কিঃমিঃ নদী ড্রেজিং ২৭৭৩.৯৯ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন, ১০টি ক্লোজার নির্মাণ কাজ সম্পন্ন করেছে। এর ফলে ০.৩২ লক্ষ হেক্টর জমিতে সেচ সুবিধা সম্প্রসারণ, .৯৭ লক্ষ হেক্টর জমি বন্যামুক্তকরণসহ দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় ০.৪০ লক্ষ হেক্টর আবাদী জমি লবণাক্ততা হতে রক্ষা করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নদী মাতৃক দেশ হওয়া সত্ত্বেও বর্ষা মৌসুমে পানির আধিক্য এবং শুষ্ক মৌসুমে পানির দুষ্প্রাপ্যতা বাংলাদেশের প্রকৃত বাস্তবতা। শুষ্ক মৌসুমে নদী অববাহিকাসমূহের উজানে পানি প্রবাহ বাধাগ্রস্ত হওয়ায় দক্ষিণাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি পায়। আবার প্রকৃতিগতভাবে বাংলাদেশের নদীতে পলি জমার কারণে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারণে নদী তীরে ভাঙ্গন এবং বন্যা দেখা দেয়। অন্যান্য সেক্টরে সারা বছর কাজ করার সুযোগ থাকলেও পানি সম্পদ সেক্টরে নভেম্বর-এপ্রিল অর্থাৎ অর্থ-বছরের মাত্র ৬ (ছয়) মাস কাজ সম্পাদনের জন্য সুযোগ থাকে। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দুর্যোগ, পাহাড়ী ঢল বা স্থানীয় অনাকাঙ্খিত সামাজিক সমস্যা উত্তরণ করে গুণগতমান সম্পন্ন টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত ঝুঁকি অর্থনীতির বিভিন্ন খাতসহ জাতীয় পর্যায়ের অভীষ্ট ও লক্ষ্য অর্জনে সরকার "বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০" নামে শতবর্ষী মহাপরিকল্পনা গ্রহণ করেছে। প্রাক্কলিত ব্যয় ও প্রকল্প বিবেচনায় মহাপরিকল্পনাটির প্রায় ৮০% বাস্তবায়নের গুরু দায়িত্ব পানি সম্পদ মন্ত্রণালয় এর উপর অর্পিত। এই মহাপরিকল্পনায় বিনিয়োগ অগ্রাধিকার হিসাবে চিহ্নিত ৮০টি কার্যক্রমের মধ্যে ১৭টি কার্যক্রমই বাপাউবোর ২৮টি চলমান প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। দেশের ৬৪টি জেলার প্রত্যেক উপজেলায় এবং সকল সিটি কর্পোরেশন ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। নদী সিস্টেমভিত্তিক ড্রেজিং এর জন্য বাঙ্গালী-করতোয়া-ফুলজোর-হরাসাগর প্রভৃতি মাঝারি নদীসমূহ ড্রেজিং এর জন্য প্রকল্প নেয়া হয়েছে। ব্রহ্মপুত্র-যমুনা, পদ্মা, মেঘনা, কর্ণফুলী ও সাঙ্গু-মাতামুহুরী-এই ৫টি নদী সিস্টেমের বেসিনভিত্তিক সমীক্ষা সম্পাদনের উদ্যোগ নেয়া হয়েছে। বড় নদীসমূহ চ্যানেলাইজেশন এবং সমুদ্র উপকূলে ভূমি পুনরুদ্ধারে প্রকল্প গ্রহণ করা হচ্ছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে জলবায়ুর প্রভাব মোকাবেলায় উপকূলীয় পোল্ডারসমূহ পর্যায়ক্রমে পুনর্বাসন এবং শক্তিশালীকরণ করা হচ্ছে। বাঁধ ও খালের নিকটবর্তী জায়গায় বনায়ন করার প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৭৭ কিঃমিঃ বাঁধ নির্মাণ, ৬৮ কিঃমিঃ বাঁধ পুনর্নির্মাণ, ৩৬৭ কিঃমিঃ নিষ্কাশন খাল পুনঃখনন, ৮২টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ ও ৫৮টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো পুনর্নির্মাণ এবং ৮৭ কিঃমিঃ তীর সংরক্ষণ।
- ১৬৫ কিঃমিঃ সেচ খাল পুনঃখনন এবং ৪৪টি সেচ অবকাঠামো নির্মাণ ও ৫১টি সেচ অবকাঠামো পুনর্নির্মাণ।
- ৬৫ কিঃমিঃ উপকূলীয় বাঁধ মেরামত/ উঁচুকরণ ও ২৮ কিঃমিঃ উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা কাজ এবং হাওর এলাকায় ৫৭৫ কিঃমিঃ বাঁধ পুনরাকৃতিকরণ।
- বাস্তবায়ধীন উন্নয়ন প্রকল্পের ১০টি মধ্যবর্তী মূল্যায়ন, ০২টি ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা কার্যক্রম পরিচালনা, বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত প্রস্তাবের ৮২ শতাংশ প্রকল্পের ওয়ারপো কর্তৃক ক্লিয়ারেন্স প্রদান;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা।

১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ জোরদারকরণ
২. সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন
৩. নদীর বেসিন ব্যবস্থাপনার টেকসই উন্নয়ন
৪. হাওর, জলাভূমি ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা নির্মাণ, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়-ক্ষতি নিরূপণ সম্পর্কিত কার্যক্রম

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিক গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম

৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি;

৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচির আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ

৬. ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি

৭. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাধ এবং ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি

৮. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২১-২০২২	২০২২-২০২৩		
বন্যা ঝুঁকি হ্রাস	বন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (বন্যামুক্ত ও নিষ্কাশনযোগ্য এলাকা ১১০ লক্ষ হেক্টর) (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	৫৯.০৫	৫৯.৫৫	৬০.০৫	৬০.৫৫	৬১.০৫	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট
সেচ এলাকা এবং শস্য নিবিড়তা বৃদ্ধি	সেচ এলাকা এবং শস্য নিবিড়তার কভারেজ (সেচ এলাকা ১৬.২৪ লক্ষ হেক্টর) (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	৬০.২৮	৬০.৭৮	৬১.২৮	৬১.৭৮	৬২.২৮	কৃষি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট
আগাম বন্যা মুক্ত হাওর এলাকা	হাওর এলাকায় ১২.০০ লক্ষ হেক্টর জমি আগাম বন্যা মুক্ত রাখা (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	১০.৯৫	১১.৫০	১১.৫৫	১১.৭৫	১১.৯৫	কৃষি মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট
লবণাক্ততামুক্ত উপকূলীয় এলাকার বৃদ্ধি	লবণাক্ততা রোধকরণ এলাকার কভারেজ (জমিতে লবণাক্ততা রোধ করা ২৬.৩৭ লক্ষ হেক্টর) (ক্রমপুঞ্জিভূত)	শতাংশ	৫১.৪০	৫১.৪০	৫১.৪০	৫১.৬৫	৫১.৯৫	পরিবেশ ও বন মন্ত্রণালয়	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ জোরদারকরণ	৪২	[১.১] উন্নয়ন প্রকল্প মনিটরিং	[১.১.১] প্রকল্প মনিটরিং প্রতিবেদন	সমষ্টি	সংখ্যা	২	৫০	৮০	৮০	৭৫	৭০	৬৮	৬৫	৮৫	৯০
			[১.১.২] বাস্তবায়িত সুপারিশ	সমষ্টি	শতাংশ	০.৫		৭০	৭০	৬৮	৬৭	৬৫	৬২	৭২	৭৫
		[১.২] এডিপি পর্যালোচনা সভা	[১.২.১] অনুষ্ঠিত পর্যালোচনা সভা	সমষ্টি	সংখ্যা	২	১২	১২	১২	১১	১০			১২	১২
			[১.২.২] বাস্তবায়িত সিদ্ধান্ত	সমষ্টি	শতাংশ	১	৮৬	৮৫	৮৫	৮২	৮০	৭৮	৭৫	৮৬	৮৭
		[১.৩] বিশ্ব পানি দিবস উদযাপন	[১.৩.১] অনুষ্ঠান আয়োজন	সমষ্টি	শতাংশ	১			৮০	৭৫	৭০	৬৫	৬০	৭৫	৮০
		[১.৪] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প বাস্তবায়ন	[১.৪.১] বিভিন্ন প্রকল্পের চলতি বছরের লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি	সমষ্টি	শতাংশ	২	৯৭	১০০	১০০	৯৫	৯০	৮৫	৮০	১০০	১০০
		[১.৫] সিসিটিএফ অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন ও বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ	[১.৫.১] সিসিটিএফ এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন সমাপ্তকরণ	সমষ্টি	সংখ্যা	২		২০	১২	১১	০৯	০৮	০৭	১০	
			[১.৫.২] দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ	সমষ্টি	কিঃমিঃ	২		১০০	৪০০	৩৭৫	৩৫০	৩২৫	৩০০		
		[১.৬] বাংলাদেশ ডেল্টাপ্ল্যান ২১০০ এর আওতাভূক্ত কার্যক্রম বাস্তবায়ন	[১.৬.১] ছোটনদী, খাল ও জলাশয় পুনঃখনন	সমষ্টি	কিঃমিঃ	২.৫		৬০০	১০০০	৯৫০	৯০০	৮৫০	৮০০	২০০০	
			[১.৬.২] নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হরাসাগর নদী সিস্টেম)	সমষ্টি	কিঃমিঃ	২		৩০	৫	৪.৫	৪	৩.৫	৩	৩০	৪০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[১.৬.৩] ছোটনদী, খাল ও জলাশয় পুনঃখনন এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	সমষ্টি	শতাংশ	১			৮০	৭৫	৭০	৬৫	৬০	৩০	৪০
		[১.৭] বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ ও পুনঃনির্মাণ	[১.৭.১] পুনঃনির্মিত বাঁধ/ মেরামত/পুনরাকৃতিকরণ	সমষ্টি	কিঃমিঃ	৩	৩৫৪	৪৬	৬৮	৬৪	৬১	৫৮	৫৪	৭০	৭৪
			[১.৭.২] নির্মিত বাঁধ	সমষ্টি	কিঃমিঃ	৩	৯০	৪৭	৭৭	৭৩	৬৯	৬৬	৬২	৮০	৮৩
		[১.৮] নদী তীর সংরক্ষণ	[১.৮.১] সংরক্ষিত নদী তীর	সমষ্টি	কিঃমিঃ	৩	৯৯	৯৪	৮৭	৮২	৭৮	৭৪	৬৯	৯০	৯২
		[১.৯] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপহ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকিহ্রাসকল্পে নদী ড্রেজিং / পুনঃখনন	[১.৯.১] এসকেভেটর এর মাধ্যমে পুনঃখননকৃত নদী	সমষ্টি	কিঃমিঃ	৩	১৬২	২৫৮	১৬২	১৫৪	১৪৫	১৩৭	১২৯	১৬৫	১৭০
			[১.৯.২] ড্রেজিংকৃত নদী	সমষ্টি	কিঃমিঃ	৩	২৫৪	১৯৯	২১৯	২০৮	১৯৭	১৮৬	১৭৫	২২৫	২৩০
			[১.৯.৩] নদী পুনঃখনন করে গোপালগঞ্জ সদর থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত যোগাযোগ পুনরুদ্ধার	সমষ্টি	কিঃমিঃ	১			৯.২	৮.৭	৮.২	৭.৮	৭.৩		
		[১.১০] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন	[১.১০.১] খনন/ পুনঃখননকৃত নিষ্কাশন খাল	সমষ্টি	কিঃমিঃ	৩	৬৮৫	৬১৭	৩৬৭	৩৪৮	৩৩০	৩১২	২৯৩	৩৭০	৩৭৫
			[১.১০.২] নির্মিত পানি নিয়ন্ত্রণ কাঠামো	সমষ্টি	সংখ্যা	৩	১১৩	৫৪	৬৫	৬১	৫৮	৫৫	৫২	৭০	৭৫
			[১.১০.৩] পুনঃনির্মিত/ মেরামতকৃত/ পুনর্বাসনকৃত পানি নিয়ন্ত্রণ কাঠামো	সমষ্টি	সংখ্যা	২	৪২	১৭	৫৮	৫৫	৫২	৪৯	৪৬	৬০	৬২

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন	১২	[২.১] ভূ-পরিস্থ সেচ সুবিধার সম্প্রসারণ	[২.১.১] খননকৃত/পুনঃখননকৃত সেচ খাল	সমষ্টি	কিঃমিঃ	৩	২৯৭	১৬৯	১৩৫	১২৮	১২১	১১৪	১০৮	১৪০	১৪৫
			[২.১.২] নির্মিত সেচ কাঠামো	সমষ্টি	সংখ্যা	৩	৯২	৪২	৪৪	৪১	৩৯	৩৭	৩৫	৪৫	৪৭
			[২.১.৩] পুর্ননির্মিত/মেরামতকৃত সেচ কাঠামো	সমষ্টি	সংখ্যা	৩	৩২	৯৩	৪২	৩৯	৩৬	৩৩	৩০	৪৫	৫০
		[২.২] পানি ব্যবস্থাপনা গ্রুপ গঠন, রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণ	[২.২.১] নিবন্ধিত গ্রুপ	সমষ্টি	সংখ্যা	২	৪৭৬	১৮০	১৭৭	১৬৮	১৫৯	১৫০	১৪১	১৮০	১৮৫
			[২.২.২] প্রশিক্ষণ প্রাপ্ত কৃষক	সমষ্টি	জন	১	১৫২৩৩	৯০০০	৯১০০	৮৬৪৫	৮১৯০	৭৭৩৫	৭২৮০	৯২০০	৯৫০০
[৩] নদীর বেসিন ব্যবস্থাপনার টেকসই উন্নয়ন	১১	[৩.১] ভৌত মডেলের মাধ্যমে সমীক্ষা (বিভিন্ন দপ্তর/সংস্থাকর্তৃক প্রদত্ত)	[৩.১.১] ভৌত মডেলিং এর দাখিলকৃত প্রতিবেদন	সমষ্টি	সংখ্যা	১	৯	২	২	২	১			৩	৪
		[৩.২] পানি সম্পদ ব্যবস্থাপনায় ব্যবহারিত বিভিন্ন উপকরণের নমুনা পরীক্ষা	[৩.২.১] পরীক্ষিত নমুনা	সমষ্টি	সংখ্যা	১	৬৫৪৮	৪৬০০	২০০০	১৮০০	১৭০০	১৬০০	১৫০০	৫২৫০	৫৫০০
		[৩.৩] গবেষণা কার্যক্রম পরিচালনা	[৩.৩.১] গবেষণা পরিচালিত	সমষ্টি	সংখ্যা	১	৩	৩	২	১				৩	৪
		[৩.৪] প্রকল্পের ক্লিয়ারেন্স প্রদান	[৩.৪.১] প্রদত্ত ক্লিয়ারেন্স	সমষ্টি	শতাংশ	২	৮৫	৮২	৮২	৮১	৮০	৭৮	৭৫	৮৩	৮৪
		[৩.৫] যৌথ নদী ব্যবস্থাপনার বিষয়ে দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক সভা অনুষ্ঠান	[৩.৫.১] অনুষ্ঠিত সভা	সমষ্টি	সংখ্যা	১.৫	৩	৫	৩	২	১			৫	৫

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[৩.৬] গঙ্গা পানিবন্টন চুক্তি বাস্তবায়ন	[৩.৬.১] গঙ্গা চুক্তি অনুযায়ী ১লা জানুয়ারী থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বন্টন কার্যক্রম	সমষ্টি	সংখ্যা	২	১	১	১					১	১
		[৩.৭] বাস্তবায়ধীন উন্নয়ন প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন	[৩.৭.১] প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন	সমষ্টি	সংখ্যা	২.৫			১০	৯	৮	৭	৬	১০	১২
[৪] হাওর, জলাভূমি ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন	১০	[৪.১] আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ	[৪.১.১] ডুবন্তবাঁধ নির্মাণ/ পুর্ননির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ	সমষ্টি	কিঃমিঃ	৩	৬৫২.৭৩	৩৭০	৫৫০	৫২২	৪৯৫	৪৬৭	৪৪০	৫৬০	৫৭০
		[৪.২] উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করা	[৪.২.১] উপকূলীয় বাঁধ মেরামত/উচুঁকরণ	সমষ্টি	কিঃমিঃ	৩		১৪১	৬৫	৬১	৫৮	৫৫	৫২	৬৭	৭০
		[৪.৩] বাহাজউঅ এর সমীক্ষা প্রকল্প বাস্তবায়নে নিয়োগকৃত ফার্ম কর্তৃক প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন সভা	[৪.৩.১] মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অগ্রগতির মূল্যায়ন সভা	সমষ্টি	সংখ্যা	১			১					২	২
		[৪.৪] হাওর মহাপরিকল্পনাভুক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা করা	[৪.৪.১] প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	১	২	২	২	১				২	২
		[৪.৫] নদীর বেসিন ব্যবস্থাপনার জন্য সমীক্ষা সম্পাদন	[৪.৫.১] সম্পাদিত সমীক্ষা	সমষ্টি	সংখ্যা	২			২	১					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	২			১২	১১					
			[১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সমষ্টি	সংখ্যা	১			৪						
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩					
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১			৪	৩	২				
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩	২				
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সমষ্টি	সংখ্যা	২			৪	৩					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	গড়	%	২			৮০	৭০	৬০				
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	তারিখ	তারিখ	২			১৫.০২.২১	১৫.০৩.২১	১৫.০৪.২১	১৫.০৫.২১			
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	তারিখ	তারিখ	১			২৫.০২.২১	২৫.০৩.২১	২৫.০৪.২১	২৫.০৫.২১			
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	জনঘন্টা	২			৫০	৪০	৩০	২০			
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	সমষ্টি	জনঘন্টা	১			৫	৪					
		[২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান	[২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	১			১						

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	সমষ্টি	%	১			১০০	৯০	৮০				
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	%	২			১০০	৯০	৮০				
			[৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	%	১			১০০	৯০	৮০				
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি	ক্রমপুঞ্জিভূত	%	১			৮০	৭০	৬০	৫০			
			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	ক্রমপুঞ্জিভূত	%	১			৫০	৪০	৩০	২৫			

*সাময়িক (provisional) তথ্য

আমি, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

১৭/০৯/২০২০
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

১৭.০৯.২০২০
তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এডিপি	এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম
২	বাপাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩	ওয়ারপো	ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন
৪	নগই	নদী গবেষনা ইনিস্টিটিউট
৫	বাহাজউঅ	বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৬	সিডিএসপি	চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প
৭	পিআরএল	পোস্ট রিটাইরমেন্ট লিভ
৮	সিসিটিএফ	জলবায়ু পরিবর্তন টাস্ট্র ফান্ড
৯	জেআরসি	জয়েন্ট রিভারস কমিশন

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[১.১] উন্নয়ন প্রকল্প মনিটরিং	[১.১.১] প্রকল্প মনিটরিং প্রতিবেদন	মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকর্তৃক সরেজমিনে চলমান উন্নয়ন প্রকল্পসমূহ পরিদর্শন করে প্রকল্পের অবস্থা সম্পর্কে প্রতিবেদন পেশ করবেন।	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা ও পানি সম্পদ মন্ত্রণালয়ে গঠিত প্রকল্প মনিটরিং টিমসমূহ	পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা
	[১.১.২] বাস্তবায়িত সুপারিশ	মন্ত্রণালয়ের কর্মকর্তাগণকর্তৃক দাখিলকৃত প্রকল্প পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত সুপারিশসমূহ প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকর্তৃক বাস্তবায়ন করা হবে।	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা ও পানি সম্পদ মন্ত্রণালয়ে গঠিত প্রকল্প মনিটরিং টিমসমূহ	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা
[১.২] এডিপি পর্যালোচনা সভা	[১.২.১] অনুষ্ঠিত পর্যালোচনা সভা	মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সভাপতিত্বে প্রতিমাসে এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত	পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগ	অনুষ্ঠিত সভার সংখ্যা	মাসিক পর্যালোচনা সভা
	[১.২.২] বাস্তবায়িত সিদ্ধান্ত	এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকারী সংস্থাকর্তৃক বাস্তবায়িত হবে	পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগ	বাস্তবায়ন অগ্রগতি শতাংশে প্রকাশ	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা
[১.৩] বিশ্ব পানি দিবস উদযাপন	[১.৩.১] অনুষ্ঠান আয়োজন	বিশ্ব পানি দিবস উদযাপন উপলক্ষ্যে র‍্যালী আয়োজন, মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠান আয়োজন, পোস্টার ছাপানো,, সেমিনার আয়োজন ইত্যাদি।	প্রশাসন-০২ শাখা, পাসম	ছবি, পোস্টার ইত্যাদি	সংশ্লিষ্ট শাখার তথ্যসমূহ
[১.৪] মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প বাস্তবায়ন	[১.৪.১] বিভিন্ন প্রকল্পের চলতি বছরের লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি	চলমান প্রতিশ্রুত কার্যক্রমসমূহের বাস্তবায়ন নদী পুনঃখনন/ড্রেজিং= ৭৪.৫০ কিঃমিঃ নিষ্কাশন/সেচ খাল/পুনঃখনন = ১৯২ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ= ১১.৭০ কিঃমিঃ বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/মেরামত= ২১.৬৩ কিঃমিঃ পানি নিয়ন্ত্রণ/ সেচ কাঠামো নির্মাণ/মেরামত= ৩৫টি	উন্নয়ন-১, উন্নয়ন-২, উন্নয়ন-৩, উন্নয়ন-৪ ও উন্নয়ন-৫ শাখা/অধিশাখা, পাসম	বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী চলমান প্রকল্পসমূহের মধ্যে নদী পুনঃখনন/ড্রেজিং ধর্মী প্রকল্প ৮টি, নিষ্কাশন খাল পুনঃখননধর্মী ১ টি, বাঁধ নির্মানধর্মী ২ টি ও নদী তীর সংরক্ষণধর্মী ২টি শতকরা অর্জন হিসাবের জন্য ওয়েটেজ ফ্যাক্টর নিম্নরূপঃ নদী পুনঃখনন/ড্রেজিং= ০.৩৫ নিষ্কাশন খাল পুনঃখনন= ০.২৫ নদী তীর সংরক্ষণ= ০.১৫ বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/মেরামত= ০.১৫ পানি নিয়ন্ত্রণ/ সেচ কাঠামো নির্মাণ/মেরামত=০.১০
[১.৫] সিসিটিএফ অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন ও বাঁধের ঢাল, খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ	[১.৫.১] সিসিটিএফ এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন সমাপ্তকরণ	চলতি অর্থ-বছরে কতটি সিসিটিএফ এর আওতায় চলমান প্রকল্প সমাপ্ত হবে	উন্নয়ন-১ অধিশাখা, পাসম	প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।	প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।
	[১.৫.২] দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ	দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ	উন্নয়ন-১, উন্নয়ন-২, উন্নয়ন-৩, উন্নয়ন-৪ ও উন্নয়ন-৫ শাখা/অধিশাখা, পাসম	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।
[১.৬] বাংলাদেশ ডেল্টাপ্ল্যান ২১০০ এর আওতাভুক্ত কার্যক্রম বাস্তবায়ন	[১.৬.১] ছোটনদী, খাল ও জলাশয় পুনঃখনন	"৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন" শীর্ষক প্রকল্পের আওতায় ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন	উন্নয়ন-১ অধিশাখা, পাসম	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।	নিষ্কাশন খাল পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়।
	[১.৬.২] নদী সিস্টেম পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হরাসাগর নদী সিস্টেম)	বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হরাসাগর নদী সিস্টেম ড্রেজিং	উন্নয়ন-২ শাখা, পাসম	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।	নদী/খাল পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়
[১.৬] বাংলাদেশ ডেল্টাপ্ল্যান ২১০০ এর আওতাভুক্ত কার্যক্রম বাস্তবায়ন	[১.৬.৩] ছোটনদী, খাল ও জলাশয় পুনঃখনন এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	মন্ত্রণালয় কর্তৃক ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন" শীর্ষক প্রকল্পের আওতায় ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	উন্নয়ন অনুবিভাগ, পাসম	অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী	মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
[১.৭] বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ ও পুনঃনির্মাণ	[১.৭.১] পুনঃনির্মিত বাঁধ/ মেরামত/পুনরাকৃতিকরণ	কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন নির্মিতব্য মিঠামইন ক্যান্টনমেন্টের ভূমি সমতল উঁচুকরণ, ওয়েভ প্রটেশন ও তীর প্রতিরক্ষা কাজ = ২.৫০ কিঃমিঃ, ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার জয়ধরকান্দি ও তেলিকান্দি এলাকায় বাঁধ নির্মাণ ও স্লোপ সংরক্ষণ প্রকল্প=০.৬৩ কিঃমিঃ, কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলায় ব্রহ্মপুত্র নদের ডানতীর ভাঙ্গন রোধ= ২৫.০০ কিঃমিঃ, জয়পুরহাট জেলার তুলশীগঙ্গা, ছোট যমুনা, চিড়ি ও হারাবতি নদী পুনঃখনন প্রকল্প =৯.০০ কিঃমিঃ, South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)= ৩.৮০ কিঃমিঃ, বরিশাল জেলার সাতলা-বাগধা প্রকল্পের পোল্ডার পুনর্বাসন প্রকল্প= ৬.০০ কিঃমিঃ, চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকায় পোল্ডার নং- ৬২ (পতেঙ্গা), পোল্ডার নং- ৬৩/১এ (আনোয়ারা), পোল্ডার নং- ৬৩/১বি (আনোয়ারা ও পটিয়া) পুনর্বাসন প্রকল্প= ৫.৭০৫ কিঃ মিঃ, চট্টগ্রাম জেলার হাটহাজারী ও রাউজান উপজেলায় হালদা নদীর উভয় তীরের ভাঙ্গন হতে বিভিন্ন এলাকা রক্ষাকল্পে তীর সংরক্ষণ কাজ প্রকল্প= ২.৬৫ কিঃমিঃ, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি ও হাটহাজারী উপজেলায় হালদা নদী ও ধুরং খালের তীর সংরক্ষণ ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প= ৮.০০ কিঃমিঃ, ব্লু-পোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট)= ৫.০০ কিঃমিঃ	উন্নয়ন-১, উন্নয়ন-২, উন্নয়ন-৩, উন্নয়ন-৪ ও উন্নয়ন-৫ শাখা/অধিশাখা, পাসম	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।	বাঁধ পুনঃনির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়।
	[১.৭.২] নির্মিত বাঁধ	ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চরআলগী ইউনিয়নের চর্তুদিকে বেড়ীবাঁধ নির্মাণ প্রকল্প = ১৭.০০ কিঃমিঃ, নোয়াখালী এলাকার জলাবদ্ধতা নিরসনকল্পে বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প=২.৯১৫ কিঃমিঃ, ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার জয়ধরকান্দি ও তেলিকান্দি এলাকায় বাঁধ নির্মাণ ও স্লোপ সংরক্ষণ প্রকল্প= ২.০০ কিঃমিঃ, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন গৌরীপুর নামক স্থানে খরা মৌসুমে সম্পূরক সেচ প্রদানের লক্ষ্যে পুনর্ভবা নদীর উপর সমন্বিত পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ প্রকল্প=০.২৫ কিঃমিঃ, Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part)= ৫০ কিঃমিঃ, চট্টগ্রাম জেলার উপকূলীয় এলাকায় পোল্ডার নং- ৬২ (পতেঙ্গা), পোল্ডার নং- ৬৩/১এ (আনোয়ারা), পোল্ডার নং- ৬৩/১বি (আনোয়ারা ও পটিয়া) পুনর্বাসন প্রকল্প= ১.৮০০ কিঃ মিঃ, চট্টগ্রাম জেলার হাটহাজারী ও রাউজান উপজেলায় হালদা নদীর উভয় তীরের ভাঙ্গন হতে বিভিন্ন এলাকা রক্ষাকল্পে তীর সংরক্ষণ কাজ প্রকল্প= ০.৫০০ কিঃমিঃ, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি ও হাটহাজারী উপজেলায় হালদা নদী ও ধুরং খালের তীর সংরক্ষণ ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প= ৩.৫০ কিঃমিঃ	উন্নয়ন-১, উন্নয়ন-২, উন্নয়ন-৩, উন্নয়ন-৪ ও উন্নয়ন-৫ শাখা/অধিশাখা, পাসম	মনিটরিং টিমের পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমইডি রিপোর্ট।	বাঁধ নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোষ্ট ওয়ার্ক এ লেবেল বুক এ এন্ট্রির মাধ্যমে মেজারমেন্ট বইয়ে অন্তর্ভুক্ত করা হয়।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	উপাত্ত সূত্র
